

সম্পাদকীয়

দোয়েলপাখি দাশগুপ্ত

- লেখক ১ হ্যাঁ? রম্যরচনা? না না - এখন তো ঠিক রম্যরচনা লেখার মতো মানসিক অবস্থায় নেই!
- লেখক ২ পত্রিকা কি বেরুচ্ছে? হেঁঃ হেঁঃ— পুজোসংখ্যার ভড়কি দিয়ে লেখাটা আমার ফালতু আটকে রাখলে।
- লেখক ৩ সে কী ম্যাডাম! আপনি একটা লিট্ ম্যাগাজিন বের করবেন অথচ লেখকরা রাতে আপনাকে ফোন করতে পারবে না!
- পাঠক ১ কই পাতিরাম আর দেজ্ এ পেলাম না তো বই!
- প্রেস ম্যাপলিথোর চেয়ে ভাল কাগজ দেব। দাম একটু বেশি পড়বে।
- বিজ্ঞাপনদাতা এরম তালগাছের মতো ঢ্যাঙা ম্যাগাজিনে কী অ্যাড দিই বলুন তো?
- সমালোচক আপনারা সিপিয়েম না তিনোমূল?
- লেখক ১ আমি তো এক মাসের জন্য আমেরিকা যাচ্ছি, বঙ্গসম্মেলনে। আপনি পুজোর পর ফোন করুন।
- লেখক ২ কী! রম্য হয়নি! আজ বিশ বছর ধরে লিকচি আমি। তোমার তখন নাক থেকে পৌঁটা পড়ত, বুজলে ছুঁড়ি? হুঁঃ শিকুতে এয়েচে আমায়।
- লেখক ৩ দূর শশালা! মদ খেয়েছি তো কী? আপনি আমার লেখা নেবেন অথচ একটু বাওয়াল করতে পারব না?
- পাঠক ২ সেই ফেব্রুয়ারি মাসে ঢাকা পাঠালম। এখনও বই পাঠালেন না। কি ব্যাপার বলুন তো?
- বিজ্ঞাপনদাতা হ্যালো - হ্যালো - রং নাম্বার...
- প্রেস ছবি বেশি হলে কস্টিং কিন্তু বেড়ে যাবে দিদি।
- সমালোচক শুনলাম, এটা নাকি আপনাদের সমাধি সংখ্যা! আমার কিন্তু আরও কমপ্লিমেন্টারি লাগবে।
- লেখক ১ লেখা?। কি নাম যেন আপনার পত্রিকার? আচ্ছা আপনারা লেখককে কত সাম্মানিক দিচ্ছেন?
- লেখক ৪ বা বা বা বা বা বা! যেমন পত্রিকার নাম, তেমন সম্পাদিকার নাম, লেখা তো দিতেই হবে।
- লেখক ৩ আপনি আমায় চেনেন না। চিনলে আমার লেখা এডিট করতেন না, জেনে রাখুন, আজ থেকে ৫-৭ বছরের মধ্যে আমি যা বলব, তাই হবে বাংলা সাহিত্যে।
- পাঠক ৩ ধূর আপনাদের থ সংখ্যার ও লেখাটা মোটেও রম্য হয়নি। পড়ে হাসিই পেল না।
- প্রেস সবু পাতা তো কি! কম্পোজের একটা কস্টিং তো থাকেই দিদি।
- বিজ্ঞাপনদাতা হ্যালো - হ্যালো - রং নাম্বার...
- সমালোচক হুঁঃ বছরে মাত্র একটা! সম্বচ্ছরিক মোচ্ছব কি কিছু কম পড়েছে নাকি...
- লেখক ১ আমি একটু পুরস্কার নিতে বাংলাদেশে যাচ্ছি। আপনি এক মাস পর ফোন করুন।
- লেখক ৪ ভারি ভাল। ভারি ভাল। একটা ছড়া দোব, কেমন?
- লেখক ৩ আপনি আমাকে চেনেন না ম্যাডাম।
- প্রেস সেকশন সুইং বাইন্ডিং? হ্যাঁ হবে না কেন। বাজেটটা বাড়ালেই হবে।
- পাঠক ১ ওয়েব ম্যাগ করছেন না কেন?
- বিজ্ঞাপনদাতা হ্যালো - হ্যালো - রং নাম্বার...
- সমালোচক ও বাবা! এ যে দেখি কত বর্ষ, কোন সংখ্যা কিছুই লেখেননি। সম্পাদকীয়ও তো নেই!!